## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, উচ্চ রাজকর্ম্মচারী ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী কেশ তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়।
মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

**শ্যামা দন্তমঞ্জন**

দন্ত রোগের মহৌষধ। মূল্য প্রতি শিশি ৷৷০ আনা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৮ই মাঘ বুধবার ১৩৫৬ ইংরাজী 1st Feb. 1950 | ৩৫শ সংখ্যা

সাবানের সেরা

## রায়সন সাবান

ব্যবসাদারদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।
পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—
রায়সন কেমিক্যাল কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## বরফ

বাজারে বাহির হচ্ছে
স্থানীয় এজেন্সীর
ও
অন্যান্য সর্ত্তাবলীর জন্য
খোঁজ লউন।

বিনীত—
বহরমপুর আইস্ কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## ৪২এর অধ্যায়—

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে "হিন্দুস্থান" এর বিচিত্র ও বিস্ময়কর ইতিহাসে আর একটি উজ্জ্বলতর নূতন অধ্যায় সংযোজিত হইল। ইহা একদিকে যেমন হিন্দুস্থানের অবিচ্ছিন্ন বহুমুখী জনসেবার পরিচয় প্রদান করে, অপর দিকে তেমনি তাহাদের আর্থিক উন্নতি সাধনের সহায়ক হিসাবে জনসাধারণ এই প্রতিষ্ঠানের উপর কতখানি আস্থাবান ও নির্ভরশীল তাহারও প্রমাণ পাওয়া যায়। এই আস্থা ও নির্ভরশীলতা যে উত্তরোত্তরই বৃদ্ধি পাইতেছে, সোসাইটির গত ১৯৪৮ সালের হিসাব-নিকাশেই তাহার নিদর্শন পাওয়া যায়ঃ—

| | |
|---|---|
| নূতন বীমা | ১৩,১৮,৫৭,২৫৮৲ |
| মোট চল্‌তি বীমা | ৬৩,৪২,২৬,৯৫৯৲ |
| প্রিমিয়ামের আয় | ২,৯৫,৮০,৪৫৪৲ |
| বীমা তহবীল | ১২,০৭,২০,৪৬১৲ |
| মোট সম্পত্তি | ১৩,৪১,৫১,০০৭৲ |
| প্রদত্ত ও দেয় দাবীর পরিমাণ (১৯৪৮) | ৬৭,৭১,৪৪৬৲ |

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৮ই মাঘ বুধবার সন ১৩৫৬ সাল।

# মহাত্মাজীর তিরোভাব-দিবস

—:o:—

১৯৪৮ খৃষ্টাব্দের ৩০শে জানুয়ারী মহাত্মা গান্ধী আততায়ী হস্তে নিহত হন। প্রতি বৎসর এই শোকের দিনটী সর্ব্বোদয় দিবসরূপে প্রতিপালিত হইবার জন্য নেতৃবর্গ নির্দ্দেশ দিয়াছেন। এই দিনে মহাত্মাজীর আদর্শ গ্রহণ জন্য পণ্ডিত জহরলাল হইতে আরম্ভ করিয়া প্রাদেশিক কংগ্রেসের, মহকুমা কংগ্রেসের নেতৃবৃন্দ সাধারণের উপর উপদেশামৃত বর্ষণ করিতেছেন। মহাত্মাজীর অনুকরণে যদি সকলে কেবলমাত্র আড়ম্বরহীন জীবনযাপন অভ্যাস করিতে পারেন, তাহা হইলে ভারতের কাহারও কোনও অভাব থাকে না। প্রত্যেকেই স্বাধীন থাকিয়া অন্যের দ্বারস্থ হইবার দায় হইতে চিরমুক্ত হইতে পারেন। আমরা অবশ্য মহাত্মাজীর অনুকরণ করিবার সৌভাগ্য লাভ করিতে না পারিলেও বাল্যকাল হইতে বাঁচিবার জন্য খাওয়া এবং লজ্জা নিবারণের জন্য পরিধান, অভিভাবকের নিকট এই শিক্ষা গ্রহণ করিতে বাধ্য হই। তদনুসারে পুত্র পৌত্রাদিকেও সেইভাবে চলিতে বাধ্য করি। উপদেষ্টা নেতৃবৃন্দের মধ্যে একমাত্র আচার্য্য বিনোবাভাবে ছাড়া অন্যের উপদেশ শুনিয়া মনে হয়—“আপনি না মজিলে পরকে কি মজাতে পার?” “প্রেষ্টিজ” রক্ষার জন্য রাষ্ট্রনায়কগণ বিদেশে কোটি কোটি টাকা ন দেবায় ন ধর্ম্মায় ধূলার মত ফুৎকারে উড়াইয়া দিতেছেন। “পৃথিবীর মধ্যে সর্ব্বাপেক্ষা দরিদ্রতম দেশগুলির অন্যতম দেশ ভারত” মার্কিন যুক্তরাষ্ট্রের সহকারী রাষ্ট্রসচিব এই কথা বলিয়াছেন। মার্কিন দেশে প্রেষ্টিজ বা মর্য্যাদা রাখিতে যে ব্যয় হইয়াছে, তাহা যেন ভস্মে ঘী ঢালা হইল। কংগ্রেস অধিবেশনের সমাপ্তির পর মহাত্মাজী বলিয়াছিলেন—“আমাদের ফিলিপ্সের সার্কাস ভাঙ্গিল।”

নিজেরা কেবলই অপব্যয়, বিলাসিতা করিয়া যাঁহারা গান্ধীর অনুকরণের উপদেশ দেন, তাঁহাদের বক্তৃতা—রঙ্গমঞ্চে বারবিলাসিনী অভিনেত্রীর সাবিত্রীর ভূমিকা অভিনয় করার মত সারগর্ভ বলিলে অত্যুক্তি হয় না। “গুরু মিলে লাখে লাখ, চেলা মিলে লাখে এক”। ———

## অদ্বিতীয় নবম আশ্চর্য্য

গত সংখ্যা “জঙ্গিপুর সংবাদে” “অদ্বিতীয় নবম আশ্চর্য্য” শীর্ষক ৪টী লাইনের জন্য অনেকে বলিয়াছেন—তাঁহারা হেঁয়ালীর মত এই চারিটী লাইন বুঝিতে পারেন নাই। ঢাকিয়া চাপিয়া সাধারণের দুর্ব্বোধ্যভাবে লেখার কারণ কি? তাঁহাও জিজ্ঞাসা করিয়াছেন। আমরা তাঁহাদের অবগতির জন্য লাইন ৪টীর সরলার্থ করিয়া দিতেছি।

গণেশের মুণ্ড-ওড়া ঠাকুর (শনি) ষড়যন্ত্রে (চক্রে) তাঁর (শনির) বাপ (রবি) ঠাকুরের..... এর পর আর কোন প্রহেলিকা নাই—বাকি টুকু অবিকল পাঠ করিলেই অর্থ বোধ হইবে। এরূপ লেখার কারণ নিম্নে প্রদত্ত হইল—শনির নাম উচ্চারণ করিতে নাই। একবার উচ্চারণ করিলে ৩ বার শনি শনি শনি বলিতে হয়।

১৯৪৭ এর ১৫ই আগষ্ট আমরা স্বাধীন হইলেও ইংরাজ আমলের হাকিম-ফোবিয়া আমাদের সম্পূর্ণ সারে নাই। মাঝে মাঝে মেয়েদের মত দুর্ব্বলতা আসিয়া পড়ে। আধুনিকাদের কথা জানি না তবে সেকালের মেয়েরা গুরুতর লোকের নাম উচ্চারণ করিত না—মরণ কালেও ঠাকুর দেবতার নাম করার সময় এইভাবে বলিত—ফরোফষ্ট, ফরেকাম, ফুপন ফুরারী এবার মোরে ফয়া কর ফাগীরথী ফঙ্গা। ভাশুরের নাম “পাঁচকড়ি” সে বলিত—৪টা ১টা কড়ি।

ভৈরবী-চক্রের কথা অনেকেই অবগত আছেন। ইহা তান্ত্রিক সাধনা। ইহাতে মেয়ে পুরুষ একত্রে চক্রাকারে উপবিষ্ট হইয়া মদ্যপানাদি পঞ্চ মকার সাধনা দ্বারা সিদ্ধিলাভ করিত। এ কার্য্য সাধক ভিন্ন অন্যের অনুষ্ঠেয় নহে।

জঙ্গিপুরে সরকারের বেতনভোগী বহু বিভিন্ন বিভাগের কর্ম্মচারিবর্গ ও তাঁহাদের বাড়ীর মেয়েরা এক এক শনিবারে পালা মত এক এক জনের বাড়ীতে শনিচক্রে মিলিত হইয়া গান, বাজনা, আবৃত্তি প্রভৃতি আমোদ প্রমোদ করিয়া থাকেন। যাঁহার বাড়ীতে এই অধিবেশন হয়, সেদিন তাঁহাকে সমস্ত লোকের জন্য পান, সিগারেট ও চা সরবরাহ করিতে হয়। প্রত্যেক অধিবেশনে একশত পেয়ালা চা এমন কি তাহার বেশীও খরচ হইয়া থাকে।

আজ রেশনে চিনি দেওয়া বন্ধ আছে। রোগীর সাগু বা বার্লির জন্য চিনি কেহ পায় না। এই দুঃসময়েও ইঁহাদের চক্রে চা-পানের আনন্দ বন্ধ নাই। আমরা যতদূর অবগত আছি এই চক্র যে দিন যাঁহার বাড়ীতে বসে তিনি সরবরাহ বিভাগ হইতে চিনির “স্পেশাল পারমিট” পাইয়া থাকেন।

এখানে কোনও নূতন অফিসার বদলী হইয়া আসিবা মাত্র চক্রের চক্রেশ্বর তাঁহাদের ঘরকন্না পাতা হইতে না হইতেই এই চক্র আহ্বান করিবার জন্য তাঁহাদের অনুরোধ করিতে দ্বিধা বোধ করেন না। একজন উচ্চতম অফিসার এই চক্রে কিছুদিন গতায়াত করিয়া ইহাকে সসম্মানে পরিত্যাগ করিয়াছিলেন। যখন এক পোয়া চিনি পাওয়া ভাগ্যের কথা তখন ইঁহাদের বিশেষ অধিবেশন, নৌকা বিহার ইত্যাদিতে মিষ্টির ছড়াছড়ি দেখিয়া মনে হয় না কি কিমাশ্চর্য্যমতঃপরম্?

———

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৩ই ফেব্রুয়ারী ১৯৫০

১৯৪৮ সালের ডিক্রীজারী

২০১ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং গম্ভীরসিংহ কুঠারী দিং দাবি ৯০॥৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ৫-৬০ শতকের কাত ২৩।২ আঃ ৬০৲ খং ১৯৪

১৯৪৯ সালের ডিক্রীজারী

৬৪৯ থাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং হরিহর ঘোষাল দাবি ২৪॥/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ৯৬ শতকের কাত ৫৲ আঃ ২৫৲ খং ৯৫৮ রায়ত স্থিতিবান

৮৩১ থাং ডিঃ লুটবিহারী দত্ত দেং মরিয়ম নেসা বেওয়া দিং দাবি ১৮৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পানানগর ১০৮ শতকের কাত ১৮৶০ আঃ ৫৲ খং ১৬৬

৮০২ থাং ডিঃ ঐ দেং মেহের আলি বিশ্বাস দিং দাবি ৭০৸৵৩ মৌজাদি ঐ ২-৩৩ শতকের কাত ১৩৸৩ আঃ ২৫৲ থং ১৬৭

৭৫৭ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং চিন্ময়ী দেবী দিং দাবি ১৯৸০ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচনপাড়া ৭০ শতকের কাত ২॥০ আঃ ১০৲ থং ২৮৩

৭৫৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩॥৴০ মৌজাদি ঐ ৪ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ২৮২

৭৫৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১।৶৬ মৌজাদি ঐ ৭৬ শতকের কাত ২॥৶৩ আঃ ১৫৲ থং ২৮৭

৭৬১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৸৵৬ মৌজাদি ঐ ১৭ শতকের কাত ১॥০ আঃ ৮৲ থং ২৮৪

৮৩৯ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং জিল্লার রহমান মণ্ডল দাবি ৩৮॥৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দয়ারামপুর ও থামরা ২-৯ শতকের কাত ৩৶১৭॥০ আঃ ৩০৲ থং মৌজে দয়ারামপুর ৬৭ অধীনস্থ থং ১—৫৪ মৌজে থামরা ৭৬

৮৩৫ থাং ডিঃ লাবণ্যলতা দাসী দেং ইয়াসিন সেথ দিং দাবি ৩৭৸৴৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দোনলীয়া ১-১১ শতকের কাত ৩৸৶ আঃ ১০৲ থং ১৯৭ রায়ত স্থিতিবান

৮৩৭ থাং ডিঃ নীলরতন রায় দেং লালমহম্মদ সেথ দিং দাবি ১১॥৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ১১ শতকের কাত ৩৲ আঃ ৫৲ থং ৬৫ রায়ত স্থিতিবান

৮৩৮ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং শ্যামাপদ রায় দিং দাবি ২৭॥৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহাজাদপুর ১৩০ শতকের কাত ৩॥৶০ আঃ ৫৲ থং ২২০ মোকররী স্বত্ব

৬২৫ থাং ডিঃ ঐ দেং কোবাদালী বিশ্বাস দিং দাবি ২৮॥৵৬ থানা ঐ মৌজে কুলগাছি ২-১২ শতকের কাত ৭৸৵০ আঃ ৫৲ থং ২৫১ রায়ত স্থিতিবান

৬১৭ থাং ডিঃ সেবাইত রাধাবল্লভ নাথ দেং সাজিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ৭১।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ৩-২৭ শতকের কাত ৯।৴৪ আঃ ৩০৲ থং ৩৬৮

৬১৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৩৸৵৬ মৌজাদি ঐ ২-৮৬ শতকের কাত ১০।৶১০ পাই আঃ ২৫৲ থং ৩৭০

৬১৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৫॥৵৯ মৌজাদি ঐ ২-৩৫ শতকের কাত ৮৵৫ আঃ ৩০৲ থং ৩৬৯

৬২০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭২।০ মৌজাদি ঐ ১-৩২ শতকের কাত ৪।২ আঃ ১০৲ থং ৩৯৭

৭৪৩ থাং ডিঃ শ্যামাপদ রায় দেং ভক্তিভূষণ রায় ওরফে দুলুপদ রায় দাবি ১১।৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুরা ২-৬ শতকের কাত ৬।১০ আঃ ৫৲ থং ২১৯ রায়ত স্থিতিবান

৭৪৪ থাং ডিঃ ঐ দেং বাহার সেথ দিং দাবি ২২৶৯ থানা ঐ মৌজে বড়শিমুল ১৪ শতকের কাত ২॥৴১০ আঃ ৫৲ থং ৫০৫ কোর্ফা স্বত্ব

৭২০ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং হরিহর ঘোষাল দিং দাবি ৩১।৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ৬৫ শতকের কাত ৩৸০ আঃ ১৫৲ থং ২০২ রায়ত স্থিতিবান

৭৮২ থাং ডিঃ পদ্মকামিনী দেবী দেং অভিমন্যু সাহা দিং দাবি ৪১৴৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকুরী ৪-১৫ শতকের কাত ২৬।৵০ আঃ ৩৫৲ থং ৫৭

৮৪৯ থাং ডিঃ বিবি দেল আফরোজ খাতুন দেং আবদুল আজিজ বিশ্বাস দাবি ১৩৬।৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ৮৬ শতকের কাত ফসলের অর্দ্ধেক আঃ ৩০৲ থং ৩৯৭

৮৫৬ থাং ডিঃ প্রভাসচন্দ্র সাহা দিং দেং গোবিন্দদাস নাথ দিং দাবি ১২৮॥৴৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কিসমত সেলালপুর ৶০ আনা রকম পত্তনী স্বত্ব কালেক্টারী সদর মাল গুজারের বরাত বাদে মুনাফা ৩০৲ আঃ ৫০৲ থং ২৬ তৌজি ৪৬৬

৭০৭ থাং ডিঃ সুধাংশুশেখর সরকার দেং অহল্যা ঘোষাণী মৃতান্তে ওয়ারিশ কৌশল্যা ঘোষাণী দাবি ১৬।৶৬ থানা সুতী মৌজে অমরপুর ৫৯ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ২০৫

৪৫৪ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং সুবর্ণ দাস দিং দাবি ৬৭॥৶৬ থানা সুতী মৌজে বাজে গাজিপুর ৯।৩২ জমির কাত ১০৩৬ আঃ ৫০৲

৭৪৬ থাং ডিঃ ঐ দেং শশাঙ্কশেখর সরকার দিং দাবি ১৪১৵৯ থানা ঐ মৌজে মহেশাইল ১৫-৬১ শতকের কাত ১৭॥১ আঃ ১০৲

৭৯০ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং সাম মহম্মদ সেখ দাবি ৮০॥৯ থানা সুতী মৌজে বসন্তপুর ৫-৩৫ শতকের কাত ১৬॥৴৬ আঃ ৩০৲ থং ৪১

৭৯১ থাং ডিঃ ঐ দেং বৈদ্যনাথ দাস দাবি ১২॥৵৬ থানা ঐ মৌজে আলমপুর ২৴০ জমির কাত ২৲ আঃ ৪৲

৭৯২ থাং ডিঃ ঐ দেং তিনকড়ি দাস মৃতান্তে সুরেন্দ্রনাথ দাস দিং দাবি ১৩৵৯ মৌজাদি ঐ ৩০ শতকের কাত ৸৶০ আঃ ৩৲ থং ১২০

৭৯৩ থাং ডিঃ ঐ দেং বরদা ঘোষাণী দাবি ৩২৸৶৯ মৌজাদি ঐ ১-১৭ শতকের কাত ৪৩৬ আঃ ৮৲ থং ৭৬

৭২৮ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং মনিমোহন চৌধুরী দিং দেং ভাবিনী দাসী দাবি ১৯৩৯ থানা সুতী মৌজে নোহারাপাড়া ১-৩৪ শতকের কাত ১৴১০ আঃ ৫৲ থং ৩৯ রায়ত স্থিতিবান

৭২৯ থাং ডিঃ ঐ দেং উপেন্দ্রনাথ চট্টোপাধ্যায় দাবি ২৬৶০ মৌজাদি ঐ ২-৫ শতকের কাত নিজ অংশে ১॥১৫।০ আঃ ৮৲ থং ১৭ ঐ স্বত্ব

৭৩০ থাং ডিঃ ঐ দেং তারিণী মণ্ডল দিং দাবি ৩৯৶৩ মৌজাদি ঐ ৪-১২ শতকের কাত ৪৵৫ আঃ ১০৲ থং ২৭ ঐ স্বত্ব

৭৩৩ থাং ডিঃ ঐ দেং পার্ব্বতীচরণ মণ্ডল দিং দাবি ৩৪৸৴৬ মৌজাদি ঐ ৩-২৩ শতকের কাত ৩৸৶১৫ আঃ ১০৲ থং ৩৮ ঐ স্বত্ব

৪৬১ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং কুসুমকুমারী দাসী দিং দাবি ১১৩৸৶০ থানা সুতী মৌজে ১০৪নং বাঙ্গাবাড়ী ৩-৮ শতকের কাত ১৬॥২ আঃ ৪০৲ থং ১২, ৪৭, ১৪৬, ৩১০

৫১৭ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং তৈয়ব সেথ দিং দাবি ১৯।৴৯ থানা সুতী মৌজে নজিরপুর ১-২১ শতকের কাত ।৬ আঃ ৫৲ থং ১৮২৯

৩৮৬ থাং ডিঃ সেবাইত শঙ্করপদ মুখোপাধ্যায় দিং দেং গোবিন্দ দাস দিং দাবি ১৯।৴৩ থানা সুতী মৌজে জেহেলীনগর ৪৩ শতকের কাত ১৲ আঃ ১৫৲ থং ৯০ রায়ত স্থিতিবান

৫৪৮ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং বুনিয়াদি সেথ মৃতান্তে ওয়ারিশ কলিম সেথ দিং দাবি ২৫॥৵৯ থানা সুতী মৌজে উমরাপুর ১৫০ শতক মধ্যে ৭৫ শতকের কাত ২৶০ আঃ ৫৲ থং ৯৩৬ রায়ত স্থিতিবান

৩৭ অন্য ডিঃ শচীন্দ্রনাথ অধিকারী দিং দেং বিনয়গোপাল সরকার দাবি ৯৪।০ থানা সুতী মৌজে পুড়াপাড়া ৫৬॥০ শতকের ১/৬ অংশের জমা ।৶১১ আঃ ১০৲ থং ১৬৭ ২নং লাট মৌজাদি ঐ ৫০ শতকের কাত ২॥০ টাকা ১/৬ অংশ আঃ ৫৲

৪৯ মনি ডিঃ দি প্রভিন্সিয়াল গবর্ণমেণ্ট অফ বেঙ্গল দেং সেবাইত সুধাকর দাস দাবি ৩২৸৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে উত্তর রমণা ১০০ শতকের কাত ৪৸৴৪ পাই আঃ ২০৲ থং ১০৩১ রায়ত স্থিতিবান

বিখ্যাত কাটনীর চুণ

যাবতীয় ইমারতি কাজের ও পানে খাওয়ার জন্য উৎকৃষ্ট ১নং পাথর চুণ পাওয়া যায়। নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীপরিমলকুমার ধর
জঙ্গিপুর ( ঠাকুরবাড়ীর সন্নিকট )

---

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মুল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।


---

মণ্ডলপুর

গঙ্গাধর আয়ুর্ব্বেদীয় ঔষধালয়

আমি রামপুরহাট টোলে সংস্কৃত অধ্যয়ন করিয়া স্বনামধন্য কবিরাজ শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ কবিরত্নের নিকট আয়ুর্ব্বেদ শিক্ষা করিয়া স্বগ্রামে এই ঔষধালয় স্থাপন করিয়াছি। এখানে নানাবিধ অরিষ্ট, আসব, তৈল, ঘৃত, চ্যবনপ্রাশ প্রভৃতি শাস্ত্রীয় ঔষধ বিক্রয়ার্থ প্রস্তুত রাখি। বিদেশী রোগিগণের থাকিবার সুব্যবস্থা আছে। গরীব রোগিদিগকে বিনা পারিশ্রমিকে যত্নসহকারে ব্যবস্থা দিয়া থাকি। অল্প সময়ের মধ্যে অনেকগুলি রোগী আমার চিকিৎসায় আরোগ্য লাভ করিয়াছে। পরীক্ষা প্রার্থনীয়।

রেজিষ্টার্ড কবিরাজ শ্রীস্বয়ম্ভুপদ বিদ্যারত্ন
আয়ুর্ব্বেদরত্ন ও বিশারদ
কবিরাজ ৺অবনীশচন্দ্র বিদ্যাবিনোদের পুত্র
মণ্ডলপুর, পোঃ বাড়ালা, মুর্শিদাবাদ।





রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত